গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও

| | | |
|---|---|---|
| বিষয় | : | **এপ্রিল-২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | : | জনাব মোঃ জিয়াউল হাসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও। |
| তারিখ | : | ১০ এপ্রিল ২০২৩ |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় উপস্থিত সকল সদস্যকে সামাজিক দুরুত্ব বজায় রেখে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ অন্যান্য সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার হরিপুর মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় উহ সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২। **<u>বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ</u>**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরের রবি প্রনোদনা বিতরণ সফলভাবে সম্পন্ন হয়েছে। মাঠে ভুট্টা ও গমের ফসল ভাল হয়েছে। তিনি আরও জানান অত্র উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা কৃষি বিভাগের সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলার ন্যায় ০১টি গোডাউন ঘরের বরাদ্দ পাওয়া গেছে। যা উপজেলা পরিষদ মাসিক সভার গত ২৭ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ০৫.৫৫.৯৪৫১. ০০০.০৩.০০৩.১৩-৭৪৯(৫০) নং স্মারকের কার্যবিবরণীতে অনুমোদন হয়ে ইতোমধ্যে নির্ধারিত স্থানের মাটি পরীক্ষার কাজ সম্পন্ন হয়েছে। গোডাউন ঘর নির্মানের নির্ধারিত স্থানে ০২(দুই)টি মেহগনি গাছ রয়েছে, যা কর্তন করা জরুরী প্রয়োজন। এ মর্মে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর আবেদন দাখিল করেছেন। এছাড়া সারের পর্যাপ্ত মজুদ আছে এবং সারের মনিটরিং ব্যবস্থা জোড়দার রয়েছে। | অত্র উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা কৃষি বিভাগের সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলার ন্যায় ০১টি গোডাউন ঘর নির্মাণ করা হবে। উপজেলা কৃষি অফিসারের আবেদন মোতাবেক গোডাউন ঘর নির্মানের নির্ধারিত স্থানে ০২(দুই)টি মেহগনি গাছ কর্তনের নিমিত্তে উপজেলা বন কর্মকর্তার মূল্য নির্ধারণী তালিকা এবং উপজেলা কমিটির সভার কার্যবিবরণী সহ চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও বরাবর প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কুকুর কামড়ের রোগীদের জন্য প্রয়োজনীয় ভ্যাকসিন এ মুহূর্তে হাসপাতালে নাই। চাহীদা দেওয়া হয়েছে সিএমএসডি ও সিভিল সার্জন ঠাকুরগাঁও এর নিকট। বর্তমান সমস্যা নিরসনে উপজেলা পরিষদ থেকে সাময়িকভাবে কিছু বরাদ্দ প্রদান করা প্রয়োজন। এছাড়া দাপ্তরিক চিকিৎসা কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং কুকুরের কামড়ের রোগীদের জন্য প্রয়োজনীয় ভ্যাকসিন বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) দ্রুত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, হরিপুর |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় এপ্রিল/২০২৩ মাসে ০৬টি ইউনিয়নে মোট ১০টি প্রডিউসার গ্রুপের ০১দিন ব্যাপি পারিবারিক পুষ্টি ও অভিযোগ নিষ্পত্তি ও প্রক্রিয়া বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়। ২টি দেশী মুরগি পি.জি. এর মোট ৬৩জন মহিলা সদস্যকে ৫০ কেজি ওজনের মোট ৬৩টি ব্যাগ প্রকল্পের সহায়তায় প্রদান করা হয়। দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও। |

<table>
<tr><td>মৎস্য দপ্তর</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর।</td></tr>
<tr><td>পরিবার পরিকল্পনা দপ্তর</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বর্তমানে পরিবার পরিকল্পনা বিভাগে ৬৭ জনের ততোধিক ও ৪ জন কর্মকর্তার পদ এবং মাঠ কর্মীর পদ ৩৭ জন শুন্য রয়েছে।</td><td>দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা, হরিপুর।</td></tr>
<tr><td>প্রকৌশল দপ্তর</td><td>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, অত্র উপজেলা পরিষদে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের নামে শেখ রাসেল ম্যুরাল ও শিশু পার্কের বাউন্ডারী ওয়াল নির্মাণ এবং উপজেলা পরিষদ কমপ্লেক্সে ভবনে উপজেলা চেয়াম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কক্ষে ইন্টেরিয়র ডেকোরেশনকরণ এবং উপজেলা পরিষদের অসমাপ্ত প্রাচীর সমাপ্তকরণ প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। উপজেলা চেয়াম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের কক্ষের বর্তমান অবস্থা খুবই খারাপ ও বসার অনুপযোগী হওয়ায় জরুরীভিত্তিতে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এ অবস্থায় নিম্নরুপ প্রকল্পের প্রাক্কলন ও প্রয়োজনীয় কাগজপত্রাদি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা-২) এ অনুমোদনের জন্য প্রেরণ করা প্রেয়োজন। প্রকল্পের নাম ও প্রাক্কলনে টাকার পরিমান নিম্নরুপঃ
<table>
<tr><td>০১. উপজেলা পরিষদে শেখ রাসেল ম্যুরাল স্থাপন ও শিশু পার্কের বাউন্ডারী ওয়াল নির্মাণ।</td><td>৫,৩৫,২৩৮/-</td></tr>
<tr><td>০২. উপজেলা পরিষদের অসমাপ্ত প্রাচীর নির্মাণ সমাপ্তকরণ।</td><td>১৩,৬৫,০০০/-</td></tr>
<tr><td>০৩. উপজেলা চেয়ারম্যানের অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশনকরণ।</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td>০৪. উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশনকরণ।</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td>০৫. উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশনকরণ।</td><td>৯,০৫,০০০/-</td></tr>
</table>
এ বিষয়ে বিস্তারিত আলোচনায় উপজেলা কৃষি অফিসার, উপজেলা মৎস্য অফিসার, উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা সহ অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণ এবং ইউনিয়ন চেয়ারম্যান বলেন, প্রস্তাবিত উপরিউক্ত প্রকল্পসমূহ অতীব জরুরী এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের নিমিত্তে উক্ত প্রকল্পসমূহের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন।</td><td>বিস্তারিত আলোচনায় সকলের সর্বসম্মতিক্রমে হরিপুর উপজেলা পরিষদের গৃহিত প্রকল্প সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের নিমিত্তে নিম্নরুপ প্রকল্পসমূহ এবং প্রকল্পের প্রাক্কলন ও প্রাক্কলিত টাকা অনুমোদন করা হলো-
<table>
<tr><td>০১. উপজেলা পরিষদে শেখ রাসেল ম্যুরাল ও শিশু পার্কের বাউন্ডারী ওয়াল নির্মাণ।</td><td>৫,৩৫,২৩৮/-</td></tr>
<tr><td>০২. উপজেলা পরিষদের অসমাপ্ত প্রাচীর নির্মাণ সমাপ্তকরণ।</td><td>১৩,৬৫,০০০/-</td></tr>
<tr><td>০৩. উপজেলা চেয়ারম্যানের অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশনকরণ।</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td>০৪. উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশনকরণ।</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td>০৫. উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশনকরণ।</td><td>৯,০৫,০০০/-</td></tr>
</table>
প্রস্তাবিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদনের জন্য পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর</td></tr>
<tr><td></td><td>উপজেলা প্রকৌশলীর সভায় জানান, চলতি ২০২২-২৩ অর্থবছরের গৃহিত এডিপি প্রকল্প দ্রুত বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এছাড়াও, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা কৃষি বিভাগের সমম্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলার ন্যায় ০১টি গোডাউন ঘরের বরাদ্দ রয়েছে। যার স্থানে ০২(দুই)টি মেহগনি গাছ কর্তনের নিমিত্তে উপজেলা বন কর্মকর্তার মূল্য নির্ধারণী তালিকা এবং স্থান নির্বাচনে উপজেলা সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে অনুমোদন রয়েছে। নিম গাছ ০২টি কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।</td><td>চলতি ২০২২-২৩ অর্থবছরের গৃহিত এডিপি প্রকল্প বাস্তবায়ন কাজের মনিটরিং জোড়দার করতে হবে এবং কাজের গুনগত মান শতভাগ করতে হবে। উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা কৃষি বিভাগের সমম্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলার ন্যায় ০১টি গোডাউন ঘরের বরাদ্দ রয়েছে। যার স্থানে ০২(দুই)টি মেহগনি গাছ কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান, উপজেলা পরিষদের ০২ কিলোমিটারের অভ্যান্তরে ইউটিএমআইডিপি প্রকল্পের আওতায় কান্ধাল ভিলেজ টু দনগাঁও সড়ক চেইনেজ ১+৭৫০ - ২+৫০০ মিটার সড়ক নির্মাণ করা প্রয়োজন এবং কালিগঞ্জ বাজারে মার্কেট নির্মাণ করা প্রয়োজন। অদ্যকার সভায় প্রকল্প ০২টি সদয় অনুমোদনের জন্য অনুরোধ করা হলো। | বিস্তারিত আলোচনায় ইউটিএমআইডিপি প্রকল্পের আওতায় কান্ধাল ভিলেজ টু দনগাঁও সড়ক চেইনেজ ১+৭৫০ - ২+৫০০ মিটার সড়ক নির্মাণ প্রকল্প এবং কালিগঞ্জ বাজারে মার্কেট নির্মাণ প্রকল্প অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর |
| | উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান, ক্ষুদ্রাকার পানি সম্পদ প্রকল্পের আওতায় ১ নং গেদুড়া ইউনিয়নে অবস্থিত বনগাঁও নোনা খাল খনন যার দৈর্ঘ্য ২.৭৫ কিলোমিটার এবং ৪নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন ও ৫ নং হরিপুর ইউনিয়নে অবস্থিত কান্ধাল খাল খনন। যার দৈর্ঘ্য ৩.০০কিলোমিটার। অদ্যকার সভায় অনুমোদন করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনায় ক্ষুদ্রাকার পানি সম্পদ প্রকল্পের আওতায় ১ নং গেদুড়া ইউনিয়নে অবস্থিত বনগাঁও নোনা খাল খনন যার দৈর্ঘ্য ২.৭৫ কিলোমিটার এবং ৪নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন ও ৫ নং হরিপুর ইউনিয়নে অবস্থিত কান্ধাল খাল খনন। যার দৈর্ঘ্য ৩.০০কিলোমিটার প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সকল শিক্ষা প্রতিষ্ঠান পবিত্র মাহে রমজান উপলক্ষে ইতিমধ্যে বন্ধ হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর। |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, হরিপুর। |
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর, |
| উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর। |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, চলতি মাসে ৬০জন পুরুষ ও মহিলাকে গরু মোট তাজাকরণ ও গাভী পালন বিষয়ে ০৭(সাত)দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৩(তিন) জন যুবককের মাঝে উদ্যোক্তা যুব ঋণ ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বিতরণ করা হয়। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, মাননীয় প্রধানমন্ত্রীর উপহার আশ্রয়ণ প্রকল্পে ১৭ টি সমবায় সমিতি নিবন্ধন হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর। |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর। |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ভাঃ) সভায় জানান যে, দাপ্তরিক কার্যকরম স্বাভাবিকভাবে চলমান রয়েছে তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর। |
| আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর। |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর। |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর। |

| | | | |
|---|---|---|---|
| পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার দাপ্তরিক স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সেটেলম্যান্ট বিভাগ | সহকারী সেটেলম্যান্ট কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বিভিন্ন মৌজার চুড়ান্ত নকশার কাজ চলমান। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী সেটেলম্যান্ট অফিসার, হরিপুর। |
| বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, হরিপুর সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, হরিপুর। |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর। |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পঃ দাঃ বিঃ ফাঃ কর্মকর্তা , হরিপুর। |
| তথ্য আপা | উপজেলা তথ্য আপা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উর্ধ্বতন কতৃপক্ষের নির্দেশমতে নিয়মিত উঠান বৈঠকের আয়োজন করা হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, হরিপুর। |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | সহকারী জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | পল্লী বিদ্যুৎ বিভাগ, হরিপুর। |
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি সভায় জানান, পবিত্র মাহে রমজান মাসের পবিত্রতা রক্ষায় মাঠ পর্যায়ে গ্রাম পুলিশের রাতে টহল জোরদার রয়েছে। তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে, পবিত্র মাহে রমজান মাসে হোটেল, রেস্তোরায় মোবাইল কোর্ট পরিচালনা করার অনুরোধ জানাচ্ছি। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি সভায় জানান, পবিত্র মাহে রমজান মাসের পবিত্রতা রক্ষায় হাট-বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। এছাড়া, প্রতি মহল্লায় গ্রামপুলিশের টহল অব্যহত রয়েছে। তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি |
| চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি সভায় জানান, পবিত্র মাহে রমজান মাসের পবিত্রতা রক্ষায় হাট-বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি |
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি সভায় জানান, পবিত্র মাহে রমজান মাসের পবিত্রতা রক্ষায় হাট-বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি |

**০৩। বিবিধঃ**

০১। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর জানান যে, বর্তমানে গ্রীস্মকাল হওয়ায় অত্র উপজেলার বিভিন্ন গ্রামে অগ্নিকান্ড ঘটছে। এতে অনেক গরীব অসহায় পরিবারের ক্ষয়-ক্ষতি হচ্ছে। অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ০২(দুই) জন পরিবারের মাঝে ৪০০০/- হারে মোট ৮,০০০/- টাকা প্রদান করা হয়েছে। এছাড়াও গরীব অসহায় পরিবারের মেধাবি ছাত্র/ছাত্রীদের শিক্ষা সহায়তা যাচাই-বাছাই করে মোট ১০ (দশ)টি আবেদন পাওয়া যায়। আবেদনের বিপরীতে ৩২,০০০/- (বত্রিশ হাজার টাকা মাত্র) বিতরণ করা হয়েছে। চিকিৎসা সহায়তা বিষয়ে যাচাই-বাছাই করে মোট ২৪ (চব্বিশ)টি আবেদন পাওয়া যায়। আবেদনের বিপরীতে ৬৭,০০০/- (সাতষট্টি হাজার টাকা মাত্র) বিতরণ করা হয়েছে। অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ, শিক্ষা সহায়তা এবং চিকিৎসা সহায়তা বিষয়ের সকল আবেদনের পরিপ্রেক্ষিতে সর্বমোট ১,০৭,০০০/-(এক লক্ষ হাজার টাকা মাত্র) টাকা বিতরণ করা হয়। বিস্তারিত আলোচনায় সর্ব সম্মতিক্রমে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ, শিক্ষা সহায়তা ও চিকিৎসা সাহায্য বাবদ ১,০৭,০০০/-(এক লক্ষ হাজার টাকা মাত্র) টাকা অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ, শিক্ষা সহায়তা এবং চিকিৎসা সহায়তা বিষয়ের সকল আবেদনের পরিপ্রেক্ষিতে সর্বমোট ১,০৭,০০০/-(এক লক্ষ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০২। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-০১ এর গত ২৯ আগস্ট ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৯৮.২০-৫৩১ নং স্মারক পত্রের নির্দেশনা মতে অত্র উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানি তেল সরবরাহের নিমিত্ত ভ্যাট ও আয়করসহ ফেব্রুয়ারি, ২০২৩ মাসে মোট ৩১,৭২৮/-(একত্রিশ হাজার সাতশত আঠাশ টাকা মাত্র) এবং মার্চ, ২০২৩ মাসে ২৮,৫৪৪/-(আঠাশ হাজার পাঁচশত তেতাল্লিশ টাকা মাত্র) টাকার ব্যয় পরিশোধ করা হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানি তেল সরবরাহের নিমিত্ত ভ্যাট ও আয়করসহ ফেব্রুয়ারি, ২০২৩ মাসে মোট ৩১,৭২৮/-(একত্রিশ হাজার সাতশত আঠাশ টাকা মাত্র) এবং মার্চ, ২০২৩ মাসে ২৮,৫৪৪/-(আঠাশ হাজার পাঁচশত তেতাল্লিশ টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৩। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি, ২০২০ মাসে প্রকাশিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ক্রমিক ০৩ এর খ. নং মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জাতীয় দিবস উৎযাপন উপলক্ষে ব্যয়ের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উৎযাপন উপলক্ষে ভ্যাট ও আয়কর বাদে ৩০,০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় পরিশোধ করা হয়েছে। যার ভ্যাট ও আয়কর সহ সর্বমোট ৩৫,৪০০/- (পঁয়ত্রিশ হাজার চারশত টাকা মাত্র) টাকার ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উৎযাপন উপলক্ষে ভ্যাট ও আয়কর সহ সর্বমোট ৩৫,৪০০/- (পঁয়ত্রিশ হাজার চারশত টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৪। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে এপ্রিল/২০২৩ খ্রিঃ মাসে আপ্যায়ন খাতে ৩০,০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) এবং আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৫। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে,অত্র পরিষদে মার্চ/২০২৩ মাসে ইন্টারনেট খাতে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| উপজেলা পরিষদের মার্চ/২০২৩ খ্রিঃ মাসে ইন্টারনেট ব্যবহার বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৬। আরও আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মিত ম্যুরাল ও গার্ডেনের আগাছা পরিস্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মিত ম্যুরাল ও গার্ডেনের আগাছা পরিস্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। ৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

০৭। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি, ২০২০ মাসে প্রকাশিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ক্রমিখ ০৩ এর ম. নং মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিরাপত্তা খাতে ০১(এক) জন আনসার সদস্য অস্থায়ীভাবে কাজের ভিত্তিতে মাসিক ৮,০০০/- হারে ভাতা হিসেবে মোট ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) ব্যয় হবে। এ ব্যয় অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিরাপত্তা খাতে মোট ৮,০০০/- (আট হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৮। আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, প্রতি বছরই গ্রীষ্মের মৌসুমে অত্র উপজেলায় অগ্নিকান্ডের প্রকোপ দেখা যায়। অগ্নিকান্ডে অনেক পরিবারের মানুয়ের কষ্টের সীমা থাকে না। প্রতিদিনই কোন না কোন বাজারের দোকানে, গ্রামের বাড়ীতে অগ্নিকান্ডের খবর পাওয়া যায়। অত্র উপজেলা পরিষদের হস্তান্তরিত অফিস ও স্থানীয় সরকার বিভাগের আওতাধীন অফিস সমূহে ফায়ার এক্সটিনগুয়েশর, স্ট্রেচার এবং স্ট্যান্ডসহ প্রয়োজনীয় জিনিসপত্র প্রয়োজন। এছাড়াও স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল ইউনিয়ন পরিষদ সমূহেও অগ্নিকান্ডের নিরাপত্তার জন্য বিশেষ প্রয়োজন।

আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় কর্তৃক উত্থাপিত বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ জানান, বর্তমান গ্রীষ্মকালে বিশেষভাবে এলাকার গরীব, অসহায় পরিবারের মানুষের অগ্নিকান্ডে কষ্টের সীমা থাকে না। সরকারিভাবে পাওয়া ত্রাণ অপ্রতুল হওয়ায় অধিক সংখ্যক গরিব মানুষ বঞ্চিত হচ্ছে। এমতাবস্থায়, কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার অগ্নী নির্বাপক যন্ত্রাংশসমূহ (ফায়ার এক্সটিনগুয়েশর, স্ট্রেচার, স্ট্যান্ড এবং বালতি) ক্রয় করার বিশেষ প্রয়োজন।

বিস্তারিত আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় ও ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক উত্থাপিত প্রকল্প বিষয়ে উপজেলা প্রকৌশলী, সভায় জানান যে, বর্তমান গ্রীষ্ম মৌসুমের জন্য প্রতিটি অফিস, গ্রোথ সেন্টার ও ইউনিয়ন পরিষদ সমূহে অগ্নি নির্বাপক যন্ত্রাংশসমূহ যেমন- (ফায়ার এক্সটিনগুয়েশর, স্ট্রেচার, স্ট্যান্ড এবং বালতি) ক্রয় করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে ২,০০,০০০/-(দুই লক্ষ টাকা মাত্র) টাকার গ্রহণ প্রকল্পপূর্বক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

প্রসঙ্গত আলোচানায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন, অগ্নি নির্বাপক যন্ত্রাংশসমূহ (ফায়ার এক্সটিনগুয়েশর, স্ট্রেচার, স্ট্যান্ড এবং বালতি) সরাসরি ক্রয় করার কোন নিয়ম নেই। তাই, এক্ষেত্রেও ১টি কোটেশন কমিটি গঠন করা প্রয়োজন এবং বিধি মোতাবেক কোটেশন বিজ্ঞপ্তি আহবান পূর্বক প্রাপ্ত দরপত্রসমূহ কোটেশন কমিটির সভায় যাচাই-বাছাই ও সুপারিশের ভিত্তিতে ক্রয় করা যেতে পারে। আপত্তি না হলে নিম্নরূপ প্রকল্প কমিটি গঠন, প্রকল্পের প্রাক্কলন অনুমোদন করা যেতে পারে।

কোটেশন কমিটি ঃ

| | |
|---|---|
| (১) উপজেলা প্রকৌশলী, হরিপুর- | আহবায়ক |
| (২) উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর- | সদস্য |
| (৩) সহকারী প্রোগ্রামার, হরিপুর- | সদস্য |
| (৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর- | সদস্য |
| (৫) স্টেশন অফিসার (ভাঃ), উপজেলা ফায়ার স্টেশন, হরিপুর-সদস্য সচিব। | |

এ বিষয়ে আরও বিস্তারিত আলোচনায় বর্ণিত কোটেশন কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং জনস্বার্থে সাধারণ মানুষের উপকারের স্বার্থে প্রয়োজনীয় সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে যতদ্রুত সম্ভব ২,০০,০০০/-টাকার অগ্নি নির্বাপক যন্ত্রাংশসমূহ যেমন- (ফায়ার এক্সটিনগুয়েশর, স্ট্রেচার, স্ট্যান্ড, বেলচা, খুনতি/হেমার এবং বালতি ইত্যাদি) ক্রয়ের পদক্ষেপ নিতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সর্বসম্মতিক্রমে দায়িত্ব অর্পণ করা হয়। এতদ বিষয়ে আরও বিস্তারিত আলোচনায় সর্বসম্মতিক্রমে গঠিত কমিটিসহ ব্যয় অনুমোদন দেয়া হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| হরিপুর উপজেলার সরকারি অফিস, স্থানীয় সরকারের আওতাধীন অফিস এবং জনসাধারণের উপকারের স্বার্থে অগ্নি নির্বাপক যন্ত্রাংশসমূহ ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা প্রকল্পের ব্যয় বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর। |

০৯। আরও আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের আবাসিক প্রাতত্মুখ কোয়ার্টার ১ম ও ২য় তলা মেরামত ও রং বাবদ ২৪,৯৮০/-(চব্বিশ হাজার নয়শত আশি টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের আবাসিক প্রাতত্মুখ কোয়ার্টার ১ম ও ২য় তলা মেরামত ও রং বাবদ ২৪,৯৮০/-(চব্বিশ হাজার নয়শত আশি টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

১০। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি, ২০২০ মাসে প্রকাশিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ক্রমিক ০৩ এর ম. নং মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিরাপত্তা খাতে বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন উপলক্ষে ভারতীয় সীমান্ত রক্ষাকারি বাহিনীর আপত্তি এবং জাতীয় নিরাপত্তা বিবেচনায় আগামী ১৪-১৬ এপ্রিল, ২০২৩ তারিখ পর্যন্ত ০৩(তিন) দিন বাংলাদেশ - ভারত সীমান্ত এলাকার মিলন মেলায় গমনের নিষেধাজ্ঞা থাকায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কর্তৃক ১০(দশ) জন আনসার সদস্য অস্থায়ীভাবে কাজের জন্য নিয়োগ করা হয়েছে। জাতীয় নিরাপত্তা বিবেচনায় প্রতি আনসার সদস্যকে দৈনিক ৫০০/- হারে ভাতা হিসেবে ০৩ দিনে মোট ১৫,০০০/- (পনের হাজার টাকা মাত্র) ব্যয় হবে। এ ব্যয় অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিরাপত্তা খাতের ১৫,০০০/- (পনের হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

১১। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয় সভায় জানান, ০৫ নং হরিপুর ইউনিয়নের হরিপুর মৌজার মাদ্রাসাপাড়া ও বাগানবাড়ী এলাকায় মোট ০৫ টি ঝুকিপূর্ণ মরা আমগাছ ও ০১টি নারিকেল গাছ নিলাম বিক্রয়ের জন্য উক্ত গাছগুলির মূল্য নির্ধারণ করা হয়েছে। যার সর্বমোট মূল্য বাবদ ১১,৫২৪/-(এগার হাজার পাঁচশত চব্বিশ টাকা মাত্র) টাকা। গাছগুলি নিলামে বিক্রয় করার সভায় অনুমোদন করা প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| বিস্তারিত আলোচনা ০৫ নং হরিপুর ইউনিয়নের হরিপুর মৌজার মাদ্রাসাপাড়া ও বাগানবাড়ী এলাকায় মোট ০৫ টি ঝুকিপূর্ণ মরা আমগাছ ও ০১টি নারিকেল গাছ কর্তনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

১২। আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয় সভায় অবহিত করেন যে, ০৩ নং বকুয়া ইউনিয়নের নন্দগাঁও মৌজায় নন্দগাঁও গ্রামের রাস্তায় হেরিং বন্ডের কাজ করায় রাস্তার উপরে ০৭ টি জীবিত আমগাছ ও ০১ টি শিমুলগাছ রয়েছে। উক্ত গাছগুলির মূল্য নির্ধারণ করা হয়েছে যার সর্বমোট মূল্য বাবদ ১০,০১৯/-(দশ হাজার উনিশ টাকা মাত্র)। তিনি গাছগুলি নিলামে বিক্রয়ের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় সভায় জানান, জনস্বার্থে এ গাছগুলি কর্তন করা প্রয়োজন এবং উপজেলা বন কর্মকর্তা কর্তৃক প্রেরিত মূল্য নির্ধারণ প্রতিবেদনকে সঠিক বলে গন্য করা হয়

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| বিস্তারিত আলোচনা ০৩ নং বকুয়া ইউনিয়নের নন্দগাঁও মৌজায় নন্দগাঁও গ্রামের রাস্তায় হেরিং বন্ডের কাজ করায় রাস্তার উপরে ০৭ টি জীবিত আমগাছ ও ০১ টি শিমুলগাছ কর্তনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি উদ্ধর্তন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭.০৪.২৩

সভাপতি
মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও।

স্মারক নং- ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৩-২৪৯ ·

তারিখঃ১০/৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৬। উপজেলা ......................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
০৭। চেয়ারম্যান ..........................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও।

১৭।০৪।২৩

এ কে এম শরিফুল হক
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।